



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ সেপ্টেম্বর ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে প্রশিক্ষন কর্মশালা। ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে **Training on Good Governance & Office Management** বিষয়ের উপর এই কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালাটি উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে একটি বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক মানের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করতে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে এবং সকলকে দায়িত্বশীল ও সময়ানুবর্তি হতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। কর্মশালায় তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মো. আমিন উল আহসান এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার(অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ববির আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন। দুই সেশনে অনুষ্ঠিত প্রশিক্ষন কর্মশালায় সকাল ৯টা-১১:১৫টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের দপ্তর প্রধানগণ ও সিনিয়র কর্মকর্তাবৃন্দ এবং বেলা ১১:৩০টা-১:৩০টা পর্যন্ত সকল বিভাগের চেয়ারম্যানবৃন্দ এবং বিভাগের প্রশাসনিক কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়